

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ মে ২০১৬

নং ২৮.০১৭.০৩৫.০১.০০.০৫৯.২০১৩(অংশ)-২৭৯,—স্থানীয়/আমদানিকৃত কনডেনসেট থেকে দেশে উৎপাদিত পেট্রোলিয়ামজাত পণ্যের মূল্য নিম্নরূপ হারে কার্যকর হইবে :

২। বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন পেট্রোবাংলা এর অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ, যেমনঃ বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড এবং উৎপাদন বণ্টন চুক্তির অধীনে গ্যাস উৎপাদনে নিয়োজিত আন্তর্জাতিক কোম্পানীসমূহ-এর অধীনস্থ ক্ষেত্র হইতে উৎপাদিত (স্থানীয়) এবং বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত কনডেনসেট হইতে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পেট্রোলিয়ামজাত পণ্যের বিপরীতে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন নিম্নলিখিত হারে মূল্য প্রদান করিবে :

(টাকা/কিলোলিটার)

পণ্য	করপূর্ব মূল্য	মূল্য সংযোজন কর	করোত্তর মূল্য
ডিজেল	৫০৪৩৪.৭৮	৭৫৬৫.২২	৫৮০০০.০০
কেরোসিন	৫১৩০৪.৩৫	৭৬৯৫.৬৫	৫৯০০০.০০
পেট্রোল	৫২১৭৩.৯১	৭৮২৬.০৯	৬০০০০.০০
অকটেন	৫৮২৬০.৮৭	৮৭৩৯.১৩	৬৭০০০.০০

(৮২৩১)

মূল্য : টাকা ৪.০০

৩। এই প্রজ্ঞাপন গেজেট প্রকাশের তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে এবং এই গেজেটে উল্লিখিত কনডেনসেট হইতে উৎপাদিত পণ্যসমূহের মূল্য সংক্রান্ত পূর্ববর্তী সকল প্রজ্ঞাপন বাতিল বলিয়া গণ্য হইবে। তবে, ০৮-০৩-২০১৫ তারিখে প্রকাশিত এতদসংশ্লিষ্ট গেজেটে উল্লিখিত অন্যান্য পণ্যের মূল্য (কনডেনসেটের মূল্য ও ন্যাফথা হইতে উৎপাদিত পণ্যের মূল্য) অপরিবর্তিত থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ আহসানুল জব্বার
অতিরিক্তসচিব।